



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
www.teaboard.gov.bd



শোক বার্তা

গভীর শোক ও ভারাক্রান্ত হৃদয়ে জানাচ্ছি যে, বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব জনাব মাহবুবুর রহমান আজ শুক্রবার (১৭ এপ্রিল ২০২৬ খ্রি.) ভোর ৬:২৫ মিনিটে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

জনাব মাহবুবুর রহমান একজন দক্ষ, সৎ ও দূরদর্শী প্রশাসক হিসেবে রাষ্ট্রীয় দায়িত্ব পালন করেছেন। তাঁর বর্ণাঢ্য প্রশাসনিক জীবনে তিনি নিষ্ঠা, সততা ও পেশাদারিত্বের এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছেন। বাণিজ্য সচিব হিসেবে দায়িত্ব পালনকালে দেশের সামগ্রিক বাণিজ্য উন্নয়নের পাশাপাশি চা শিল্পের অগ্রগতি, রপ্তানি সম্প্রসারণ এবং সংশ্লিষ্ট অংশীজনদের কল্যাণে তাঁর আন্তরিক উদ্যোগ ও দিকনির্দেশনা বিশেষভাবে প্রশংসনীয়। চা শিল্পের টেকসই উন্নয়ন ও আধুনিকায়নে তাঁর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

তাঁর মৃত্যুতে দেশ একজন অভিজ্ঞ ও নিবেদিতপ্রাণ প্রশাসককে হারালো, যা জাতির জন্য এক অপূরণীয় ক্ষতি। আমরা তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

মহান আল্লাহ্ তাঁকে জান্নাতুল ফেরদৌস নসীব করুন এবং তাঁর পরিবারকে এই শোক সহ্য করার শক্তি দান করুন।

বাংলাদেশ চা বোর্ড পরিবারের পক্ষ থেকে আমরা এই শোকাহত মুহূর্তে বাণিজ্য মন্ত্রণালয়ের সঙ্গে গভীর সমবেদনা ও একাত্মতা প্রকাশ করছি।


17/04/26

মেজর জেনারেল মোঃ মেসবাহ উদ্দিন আহমেদ
এসপিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড
ফোন : +৮৮০২৩৩৩৩৭৫০৬১
ইমেইল : chairmanbtb@gmail.com